| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

| Leave blank |
|---|

General Certificate of Secondary Education
June 2004

**BENGALI**
**Reading Test**
**Higher Tier**

**3636/RH**

H

Friday 11 June 2004 9.00 am to 9.50 am

**No additional materials are required.**

Time allowed: 50 minutes

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Write your answers in this combined question paper/answer book.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.

**Information**
- Mark allocations are shown in brackets.
- The maximum mark for this paper is **45**.
- You are **not** allowed to use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2 / 3 | | | |
| 4 / 5 | | | |
| 6 / 7 | | | |
| 8 / 9 | | | |
| 10 / 11 | | | |
| 12 / 13 | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

LEAVE MARGIN BLANK

## ক বিভাগ

**প্রশ্নের উত্তর বাংলায় দিতে হবে**

1 তুমি খবরের কাগজে নিচের লেখাটা পড়ছো।

**বন্যায় ক্ষতি**

বেশি বৃষ্টির দরুন প্রবল বন্যা। হাজার হাজার লোক ঘরছাড়া।

দুই শ লোক মারা গেছে।

রেডক্রস আর ফায়ার সার্ভিস সাহায্য করছে।

নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

(a) লোকেদের কেন ঘর ছাড়তে হয়েছে?

..........................................................................................................................................

*(1 mark)*

(b) কতজন লোক মারা গেছে?

..........................................................................................................................................

*(1 mark)*

(c) কারা সাহায্য করছে? একটি নাম লেখো।

..........................................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**2** তুমি একটি খবরের কাগজ দেখছো।

| নিখোঁজ সংবাদ |
|---|
| গত ১৬ই জুন লিমা নামে একটি মেয়ে হারিয়ে গেছে। সে স্কুল থেকে বাড়ি ফিরছিলো। বয়স তার আট। গায়ের রং শ্যামলা। সে চার ফুট লম্বা। তার পরনে নীল রঙের জামা ছিলো। কেউ তার খোঁজ পেলে দয়া করে ০২০ ৮৭৬১ ৩৩১৩ নম্বরে টেলিফোন করুন। অথবা কাছের পুলিস স্টেশনে যোগাযোগ করুন। |

এবারে উত্তর দাও:

হ্যাঁ
না
জানি না

| | | |
|---|---|---|
| উদাহরণ | লিমা হারিয়ে গেছে জুন মাসে | হ্যাঁ |
| | লিমা স্কুলে যায় | |
| | তার বয়স বারো | |
| | তার হাতে বই ছিলো | |
| | সে চার ফুট লম্বা | |

*(4 marks)*

**TURN OVER FOR THE NEXT QUESTION**

7

LEAVE MARGIN BLANK

3 নিচে কতোগুলি শব্দ দেওয়া আছে। এর মধ্য থেকে ঠিক শব্দ দিয়ে নিচের ফাঁকা জায়গাগুলি পূরণ করো।

> ...অবসর... (উদাহরণ) সময়ে আমরা যে কাজ করি, তাকে ............. কাজ বলা হয়। কেউ এটা করতে বলে না। নিজের ................ জন্যে করি। শীলা রবিবার অবসর সময়ে কাপড় দিয়ে পুতুল তৈরি করতে ...................। তার কাছে অনেক দেশের পুতুল আছে। ওর বন্ধু সায়মা। সে ........... পেলেই মাটি দিয়ে আম, কলা, পেয়ার ইত্যাদি ফল বানায়।

**খেলা, অবসর, আনন্দের, রবিবার, ভালোবাসে, শখের, অন্য, সময়, আম।**

*(4 marks)*

LEAVE MARGIN BLANK

4 তুমি সুরমা কাগজে একটা বিজ্ঞাপন দেখছো।

| |
|---|
| **বাংলা টাউনে বৈশাখী মেলার বিরাট আয়োজন** |
| রবিবার ১৫ই এপ্রিল — সকাল ৯টা থেকে বিকাল ৮টা |
| **বিশেষ আকর্ষণ** |
| দেশী খাবার — মাটির খেলনা |
| নকশি কাঁথা — জামদানি শাড়ি |
| রিকশা ভ্রমণ — নাচ গান |
| **সবচেয়ে কাছের টিউব স্টেশন: অল্ডগেট ঈস্ট** |

নিচের প্রশ্নগুলির উত্তর লেখো:

(a) বাংলা টাউনে কবে মেলা হবে?

.......................................................................................................................................

*(1 mark)*

(b) মেলায় যেসব জিনিস বিক্রি হবে, তার একটির নাম লেখো।

.......................................................................................................................................

*(1 mark)*

(c) মেলায় কি কি আমোদ-প্রমোদের ব্যবস্থা আছে?

.......................................................................................................................................

*(1 mark)*

7

**5** নিচের লেখাটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:

মাটি, জল, বাতাস, গাছপালা আর বন্য জীবজন্তু নিয়ে পরিবেশ তৈরি হয়। বর্তমান কালের কলকারখানা, নগর সভ্যতা আর জনসংখ্যা বৃদ্ধি আমাদের পরিবেশের অনেক ক্ষতি করছে। এর ফলে পৃথিবীর আবহাওয়া গরম হচ্ছে। তা ছাড়া, জল, মাটি আর বাতাস বিষাক্ত হচ্ছে। গাছপালা আর পশুপাখি ধীরে ধীরে কমে যাচ্ছে।
আমরা পরিবেশকে রক্ষা করার জন্যে অনেক কিছু করতে পারি। যেমন রিসাইকেল করতে পারি। পুরানো কাজগপত্র, কাপড়, কাঁচের বোতল, কোকের টিন রিসাইকেল করা যায়। বাতি আর যন্ত্রপাতি কম ব্যবহার করলেও পরিবেশ দূষণ কমে যাবে। পরিবেশ রক্ষা করা আমাদের খুবই দরকার। কারণ পরিবেশ ভালো না-থাকলে আমরা বাঁচতে পারবো না।

(a) যেসব জিনিস দিয়ে পরিবেশ তৈরি হয়, তাদের দুটির নাম লেখো।

.............................................................................................................................

.............................................................................................................................

*(2 marks)*

(b) পরিবেশ দূষণের ফলে যেসব ক্ষতি হচ্ছে, তাদের দুটির নাম লেখো।

.............................................................................................................................

.............................................................................................................................

*(2 marks)*

(c) কি কি জিনিস রিসাইকেল করা যায়? যে-কোনো একটির নাম লেখো।

.............................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**6** তুমি খবরের কাগজের সূচীপত্র পড়ছো।

## সূচীপত্র



| বিষয় | পাতা |
|---|---|
| স্থানীয় খবর | ২ |
| খেলাধুলা | ৮ |
| ছায়াছবি | ১০ |
| টেলিভিশন | ১২ |
| চাকরির বিজ্ঞাপন | ১৫ |
| বাড়ি ভাড়া | ১৮ |



**কোন পাতায় কোন জিনিস খুঁজে পাবে?** **পাতা**

| | |
|---|---|
| (ক) দুই ঘণ্টার জন্যে অঙ্কের টীচার দরকার | |
| (খ) মেরামতের জন্যে হাই রোড বন্ধ থাকবে | |
| (গ) ওডিয়নে হিন্দী দেবদাস দেখানো হচ্ছে | |
| (ঘ) বেকাম গতকাল তিনটি গোল দিয়েছেন | |

*(4 marks)*

**TURN OVER FOR THE NEXT QUESTION**

9

7 নিচের লেখাটি ভালো করে পড়ো।

শায়লা আর লায়লা দুই বোন। দুজনের মধ্যে খুব ভাব। শায়লা বয়সে চার বছরের বড়ো। গত বছর সে এ লেভেল পাশ করেছে। তার খুব ইচ্ছা ছিলো, সে একটা ডিগ্রি করবে। কিন্তু তার বাবা একটি ভালো ছেলের খোঁজ পেয়ে তাড়াহুড়া করে তার বিয়ে দিচ্ছেন। ছেলেটি কম্পিউটার ইন্‌জিনিয়ার। দেখতে শুনতে ভালো। অ্যামেরিকার ডালাস শহরে থাকে। বিয়ের এক মাস পরেই শায়লাকে নিয়ে চলে যাবে।

বড়ো আপার বিয়ে নিয়ে লায়লার কতোই না জল্পনা-কল্পনা! সে ঠিক করেছে, এই বিয়ের সময়ে সে প্রথম শাড়ি পরবে। মা তাকে একটা সুন্দর বেনারসী শাড়ি কিনে দিয়েছেন। রং নীল, তার ওপর রূপালি বুটির কাজ। মা তাকে মুক্তার হার আর দুলও কিনে দিয়েছেন।

তবে আনন্দের সঙ্গে লায়লার মনটা মাঝেমাঝে খারাপও হচ্ছে। কদিন পরেই তার আদরের আপা অ্যামেরিকায় চলে যাবে। কার সঙ্গে গল্প করবে সে? কার কাছে যখন-তখন আবদার করবে? গত রাতে বালিশে মুখ গুঁজে সে অনেক ক্ষণ কেঁদেছে। আপার সঙ্গে আবার কবে দেখা হবে, কে জানে?

এবারে বাঁ দিকের কথাগুলির সঙ্গে ডান দিকের কথাগুলি মেলাও:

| | | | |
|---|---|---|---|
| ১ | শায়লা লায়লার চেয়ে | ক | একজন কম্পিউটার ইনজিনিয়ারের সঙ্গে |
| ২ | শায়লার বাবা তার বিয়ে দিচ্ছেন | খ | লায়লা অনেক ক্ষণ কেঁদেছে। |
| ৩ | বিয়ের এক মাস পরে | গ | ডালাস শহরে থাকে। |
| ৪ | লায়লা বিয়ের দিন | ঘ | চার বছরের বড়ো। |
| ৫ | গত রাতে বালিশে মুখ গুঁজে | ঙ | প্রথম শাড়ি পরবে। |
| | | চ | বেনারসী শাড়ি কিনে দিয়েছেন। |
| | | ছ | শায়লা অ্যামেরিকা চলে যাবে। |

ডান দিকের বাক্সে ঠিক অক্ষর লেখো।

উদাহরণ

| | |
|---|---|
| ১ | ঘ |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |

*(4 marks)*

LEAVE MARGIN BLANK

**8** গল্পটি ভালো করে পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

> রাজু এক বড়ো লোকের বাড়িতে বাগানের কাজ করতো। একদিন বাগানের মালিক বাগান দেখতে এলেন। বাগানে আম পেকেছিলো। মালিক রাজুকে পাকা আম পেড়ে আনতে বললেন। রাজু একটা গাছ থেকে কয়েকটা আম নিয়ে এলো। মালিক চেখে দেখলেন, আমগুলি টক। তিনি তখন রাজুকে ডেকে বললেন, "এ গাছের আম টক। তুমি অন্য গাছ থেকে আন।" রাজু এবারে অন্য গাছ থেকে আম পেড়ে আনলো। কিন্তু সেগুলিও টক। মালিক তখন খুব রাগ করে বললেন, "তুমি এতো দিন এ বাগানে কাজ করছো। তবু জানো না, কোন গাছের আম টক, কোন গাছের আম মিষ্টি?" রাজু বললো, "আপনি আমাকে বাগান দেখাশোনা করার জন্যে রেখেছেন। আমাকে তো আম খাওয়ার অনুমতি দেননি। না-খেলে আমি কি করে বুঝবো, কোন গাছের আম টক, আর কোনটা মিষ্টি?"

(a) রাজু কি কাজ করতো?

.......................................................................................................................................

*(1 mark)*

(b) সে কয়টা গাছ থেকে আম পেড়েছিলো?

.......................................................................................................................................

*(1 mark)*

(c) তার মালিক রাগ করলেন কেন?

.......................................................................................................................................

*(1 mark)*

(d) রাজু আম খেতো না কেন?

.......................................................................................................................................

*(1 mark)*

___ / 8

**Turn over ▶**

LEAVE MARGIN BLANK

**9** নিচের লেখাটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:

## "অক্সফোর্ড-কেম্ব্রিজ বোট রেস"

প্রতি বছর অক্সফোর্ড আর কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মধ্যে বোট রেস হয়। প্রত্যেক দলের নৌকায় থাকে দাঁড় টানার জন্যে আটজন দাঁড়ী, আর একজন নেতা বা কক্স। এই রেস প্রথম হয় ১৮২৯ সালে, হেনলি অন টেমসে। এখন যেখানে রেস হয়, তা চালু হয় ১৯৪৫ সালে। এখন এই প্রতিযোগিতা হয় পাট্‌নি আর মর্টলেকের মধ্যে টেমস নদীর উপর - প্রায় সাত কিলোমিটার ধরে।

মাঝেমধ্যে আবহাওয়া খারাপ থাকলে নৌকা চালানো কঠিন হয়ে পড়ে। যেমন ১৯৫২ সালে এই প্রতিযোগিতা হয়েছিলো প্রচণ্ড ঝড়-তুফানের মধ্যে। ফলে একটি নৌকা ডুবে গিয়েছিলো। এই রেস এমন কঠিন যে, ড্র খুব কমই হয়। তবে ১৮৭৭ সালে দুই দলই এক সঙ্গে রেস শেষ করেছিলো। ২০০৩ সালে মাত্র এক ফুটের ব্যবধানে জয়ী হয়েছিলো অক্সফোর্ড।

(a) বোট রেসে কারা অংশ নেয়?

.............................................................................................................................

*(1 mark)*

(b) প্রতি দলে কয়জন সদস্য থাকে?

.............................................................................................................................

*(1 mark)*

(c) কবে আর কোথায় প্রথম এই রেস হয়েছিলো?

.............................................................................................................................

*(1 mark)*

(d) ১৮৭৭ সালে রেসের ফলাফল কি হয়েছিলো?

.............................................................................................................................

.............................................................................................................................

*(2 marks)*

5

**TURN OVER FOR THE NEXT QUESTION**

LEAVE MARGIN BLANK

## SECTION B

Questions and answers in **English**.

**10** Read the following passage.

সারাদিন পর সেলিম স্কুল থেকে বাড়ি ফিরেছে। ভারী ক্লান্ত। অনেকগুলি লেসন ছিলো তার। তারপর ছিলো স্টাডি সাপোর্ট-এর লেসন। কয়েক দিন পরে তার জি.সি.এস.ই. পরীক্ষা। পরীক্ষা জন্যে সে খুব পরিশ্রম করছে। কারণ, সে ভালো করেই জানে এ পরীক্ষায় ভালো গ্রেড না-পেলে তার ভবিষ্যৎ অন্ধকার। সে তা হলে এ লেভেল করতে পারবে না। অথবা তারপর পারবে না বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে।

তার ধারণা, পরীক্ষায় সে বেশি সুবিধে করতে পারবে না। ইংরেজি আর অঙ্কে তার প্রেডিক্টেড গ্রেড ভালো নয়। বেকার হয়ে সে জীবন কাটাতে চায় না। বাড়িতে ফিরে রোজ সে সংবাদপত্রে চাকরি খালির বিজ্ঞাপন দেখে। পরীক্ষার পর সে একটা কাজ করতে চায়। কাজের খোঁজে সে জব-সেন্টারে গিয়েছিলো, কিন্তু তাতে কোনো লাভ হয়নি। এর আগে সে অবশ্য শনিবার করে পার্ট-টাইম কাজ করেছে - টেস্‌কোতে আর এক কেমিস্টে। স্কুল থেকে সে গত বছর গিয়েছিলো ওয়ার্ক এক্সপেরিয়েন্সে। দু সপ্তাহের জন্যে সে তখন কাজ করেছিলো একটা ব্যাংকে। অঙ্কে সে কাঁচা। সে কাজ তাই সে উপভোগ করেনি। অনেক সময়ে তার মনে হয় যে, স্কুলে সে শুধু বইয়ের বিদ্যা শিখেছে। বাস্তব জীবনের কাজে লাগবে এমন কিছু শেখেনি। এই শিক্ষা ব্যবস্থা পাল্টানো দরকার।

(a) Why is Selim tired? Write **two** things.

1 ..........................................................................................................................

2 ..........................................................................................................................

*(2 marks)*

(b) Why is the exam so important to him? Write **two** things.

1 ..........................................................................................................................

2 ..........................................................................................................................

*(2 marks)*

(c) What are the **two** reasons for which Selim is worried?

1 ..........................................................................................................................................

2 ..........................................................................................................................................

*(2 marks)*

(d) Why did he **not** enjoy his work experience?

..........................................................................................................................................

*(1 mark)*

(e) In his opinion, what is wrong with the present education system? Write **two** things.

1 ..........................................................................................................................................

2 ..........................................................................................................................................

*(2 marks)*

**END OF TEST**

*9*

LEAVE
MARGIN
BLANK

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

LEAVE MARGIN BLANK

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

LEAVE
MARGIN
BLANK

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

Copyright © 2004 AQA and its licensors. All rights reserved.